উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪- ৭৩ তারিখঃ ১৪ জানুয়ারি '২০২৫খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের জানুয়ারি'-২০২৫ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২২ জানুয়ারি '২০২৫ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ নতুন সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

১৪/০১/২৫

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
২। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া,যশোর।

স্মারক নং ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১-৭৩ তারিখ ১৪/০১/২০২৫

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
০১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
০২	উপজেলা কৃষি কর্মকর্তা	
০৩	উপজেলা প্রকৌশলী	
০৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
০৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
০৬	উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তা	
০৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
০৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
০৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেষ্টার, সমাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী,(জনস্বাস্থ্য)	

উপজেলা পরিষদ

বাঘারপাড়া,যশোর।

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২--৭৩ তারিখঃ১৪/০১/২০২৫

ক্রমিক নম্বর	পদবী	প্রাপ্তি স্বীকার
১	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
২	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৩	চেয়ারম্যান , বন্দবিলা ইউপি	
৪	চেয়ারম্যান ,বায়পুর ইউপি	
৫	চেয়ারম্যান ,নারিকেলবাড়ীয়া ইউপি	
৬	চেয়ারম্যান ,ধলগ্রাম ইউপি	
৭	চেয়ারম্যান,দোহাকুলা ইউপি	
৮	চেয়ারম্যান ,দরাজহাট ইউপি	
৯	চেয়ারম্যান ,বাসুয়াড়ী ইউপি	
১০	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উপজেলা পরিষদের জানুয়ারী/২০২৫ মাসের মাসিক সাধারন সভার উপস্থিতি।

সভাপতি: সোভেন সরকার
প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।

স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ।

তাং ও সময়: ২২-০১-২০২৫ বেলা ১১:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত জনপ্রতিনিধী গনের স্বাক্ষর:

১। প্রশাসক, পৌরসভা, বাঘারপাড়া, যশোর। ——

২। চেয়ারম্যান জহুরপুর ইউ:পি ——

৩। " বন্দবিলা " " ——

৪। " রায়পুর " " ——

৫। " নারিকেলবাড়ীয়া " " ——

৬। " ধলগ্রাম " " ——

৭। " দোহাকুলা " " ——

৮। " দরাজহাট " " ——

৯। " বাসুয়াড়ী " " ——

১০। " জামদিয়া " " ——

৪৫

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর (উপস্থিতিক্রমানুসারে)

মো: আব্দুল আলিম, ভেটেরিনারি সার্জন বাঘারপাড়া [signature]

সাইফুল নাসরিন রহমান, UAO বাঘারপাড়া যশোর।

মো: আবু সাদুল আলম USSO [signature]

ড. আমিনুল মোমিন, ULO, বাঘারপাড়া, যশোর - [signature]

মো: ইকবাল হোসেন, UFPO, বাঘারপাড়া, যশোর [signature]

সালমা খাতুন - UWAO - বাঘারপাড়া, যশোর [signature]

ডা: এম. এম. আসাদুজ্জামান - UHFPO - বাঘারপাড়া - [signature]

ইফতেখার আহম্মেদ, UEO, 01716142370 [signature]

মো: মেহেদী হাসান উপজেলা নির্বাচন অফিসার, [signature]

মোহা: মোস্তাফিজুর রহমান উপজেলা সমবায় অফিসার [signature]

মো: মোত্তালেব হোসেন - UDF, VGDP Muttalib

মো: আরিফ আলী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা [signature]

বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা. [signature] ২২/০৭/২৫

মো: আব্দুল কুদ্দুস (কাউন্সিলর) উপজেলা প্রকৌশলী [signature] ২২/০৭/২৫

এস. এম. মাহমুদুল হাসান, সহকারী জনস্বাস্থ্য প্রকৌ: অধি: [signature]

ইশতিয়াক আহমেদ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা [signature]

মো: আশিকুজ্জামান - USEO - মাধ্য: শিক্ষা অফিসার - [signature]

ওয়ালিদ হোসেন রুমান - UFO [signature]

মো: আবু সুফিয়ান [illegible] [signature]

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শোভন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২২ জানুয়ারি ২০২৫খ্রিঃ, বুধবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব আব্দুল আলিম, অফিসার ইনচার্জ, বাঘারপাড়া থানা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) ডাঃ এস. এম. মোস্তফা কাইয়ুম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর
০৮) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব মোঃ আরব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১৩) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব এম. এম মাহমুদুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)এর পক্ষে, বাঘারপাড়া, যশোর।
১৫) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৬) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৭) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৮) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজে পরিষদ ২। উপজেল নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) বর্তমানে পরিষদের ভাইস চেয়ারম্যান অপসারণ হওয়ায় কমিটির সভাপতি পদে দায়িত্বপ্রাপ্ত কেউ না থাকায় স্থায়ী কমিটির সভাকরণ বন্ধ আছে।	পরবর্তীতে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হবে।	প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য ভবন নির্মাণ প্রস্তাব প্রেরণঃ** স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা এর ২০ জানুয়ারি ২০২৫খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৩৫৫ নং স্মারকপত্রটি সভায় উপস্থাপনপূর্বক জানান যে, বর্ণিত পত্রে উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য কয়টি ভবন বা ফ্ল্যাট প্রয়োজন তার তথ্য প্রেরণ করার জন্য বলা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা প্রকৌশলীসহ বিভিন্ন জনপ্রতিনিধীগণ জানান যে, উপজেলা পরিষদের ভূমিসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে আবাসিক ভবনসমূহ যদি উর্দ্ধমূখি সম্প্রসারণ বেশি করা যায় তবে ভূমির অপচয় রোধ করা সম্ভব। সেলক্ষ্যে ০৮ তলা বিশিষ্ট কর্মকর্তাদের জন্য গেজেটেড কোয়ার্টার(ভবন)-০১টি এবং কর্মচারিদের জন্য ননগেজেটেড কোয়ার্টার(ভবন)-০১টি মোট দুইটি ভবন নির্মান করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(ক) ০৮ তলা বিশিষ্ট কর্মকর্তাদের জন্য গেজেটেড কোয়ার্টার (ভবন)-০১টি এবং কর্মচারিদের জন্য ননগেজেটেড কোয়ার্টার (ভবন)-০১টি মোট দুইটি ভবন নির্মান প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী
	(খ) উপজেলা পরিষদের মালিকানধীন ০৩(তিন)টি রেন্ট্রি গাছ কর্তনঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে পূর্বদিকের প্রাচির সংলগ্ন ০২টি রেন্ট্রি গাছ ঝড়ে হেলে গিয়ে প্রাচিরে ফাটল ধরিয়ে পার্শ্ববর্তী রাস্তার দিকে ঝুকে আছে এবং প্রশাসক, উপজেলা পরিষদের বাসভবনের প্রাচির সংলগ্ন ০১টি রেন্ট্রি গাছ ঝড়ে হেলে গিয়ে বাসভবনের প্রাচির ভেঙ্গে পার্শ্ববর্তী বসবাসরত জনসাধারণের বাড়ির উপর ঝুকে আছে, যা যেকোন সময় ভেঙ্গে পড়ে জনজীবনের ক্ষতি সাধন হতে পারে। বর্ণিত গাছ কর্তণের জন্য উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক গাছসমূহ নিলামে বিক্রয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উপ-২ শাখা এর ১৫-০৮-২০০৭খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে নির্দেশনা মোতাবেক কমিটি কর্তৃক মূল্য নির্ধারণপূর্বক সুপারিশসহকারে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপস্থাপিত প্রাক্কলন গোপন রেখে অনুমোদন করা হয় এবং জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(খ) স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(খ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী
	(গ) সেচ অনুমোদন সংক্রান্তঃ উপজেলা সেচ কমিটির গত ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখের সভায় অনুমোদন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসহ অযোগ্য বিভিন্ন তালিকা পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর নলকূপ-৬৬টি, অনুমোদন যোগ্য গভীর-০৫টি, নবায়ন যোগ্য-৩৫টি স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	(গ)উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়া হয়।	(গ) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ

	(ঘ) মন্ত্রণালয় মেরামত ও সংস্কার প্রকল্প প্রস্তাব প্রেরণঃ যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরের ০৭টি বিভিন্ন মেরামত ও সংস্কার প্রকল্প বাস্তাবয়ন করার জন্য বরাদ্দ প্রদানের নিমিত্ত প্রকল্পের প্রাক্কলন ও প্রস্তবনাসমূহ সভায় উপস্থাপন করা হয় । বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ অনুমোদন.প্রদান করা হয় এবং দ্রুততার সহিত অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান ।	(ক) অর্থ ছাড়করণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয় ।	(ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া ২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি বাঘারপাড়া
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (**মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী**) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) ডিসেম্বর-২০২৪ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় । **(খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে সিরিঞ্জ সরবরাহঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা একটি আবেদন সভায় উপস্থাপনপূর্বক জানান যে, বাঘারপাড়া উপজেলা পর্যায়ে হঠাৎ করে অপ্রত্যাশিতভাবে পরিবার পরিকল্পনা সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি পাওয়া অধিদপ্তর হতে প্রদানকৃত ইঞ্জেকশনের সিরিঞ্জের সল্পতা দেখা দিয়েছে। সুতরাং উপজেলাবাসীর সেবা প্রদান অব্যাহত রাখতে উপজেলা পরিষদ হতে কিছু সিরিঞ্জ ক্রয় করে দেওয়া হলে সেবা গ্রহীতাগণকে সঠিকভাবে সেবা প্রদান করা সম্ভব হবে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বলা হয় যেহেতু অপ্রত্যাশিতভাবে সেবাগ্রহীতা বৃদ্ধি পেয়েছে সুতরাং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ০২(দুই) কার্টুন (২৪০০*২=৪৮০০পিচ) সিরিঞ্জ ক্রয় করে দেওয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয় ।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়। (খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ০২(দুই) কার্টুন (২৪০০*২=৪৮০০পিচ) সিরিঞ্জ ক্রয় করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (খ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** নাই		
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৪-২০২৫ এর আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের পিআইসি এর মাধ্যমে বাস্তবায়িত কাজসমূহ শেষ হয়েছে বিল প্রদান কার্যক্রম চলমান এবং টেন্ডার আহবানের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান(সকল)
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেক্স এর বহিঃ বিভাগ থেকে ৭৭৭৮ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৩৭২ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৫৮০ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৩৫ জন, ১৫ জন সিজারিয়ান করা হয়। ১৩২ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২১৪৮৮ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭০৮ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৪৩৭ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (**ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন**)** বর্তমানে পরিষদের ভাইস চেয়ারম্যান অপসারণ হওয়ায় কমিটির সভাপতি পদে দায়িত্বপ্রাপ্ত কেউ না থাকায় স্থায়ী কমিটির সভাকরণ বন্ধ আছে।	পরবর্তীতে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হবে।	প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য ভবন নির্মাণ প্রস্তাব প্রেরণঃ** স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা এর ২০ জানুয়ারি ২০২৫খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৩৫৫ নং স্মারকপত্রটি সভায় উপস্থাপনপূর্বক জানান যে, বর্ণিত পত্রে উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য কয়টি ভবন বা ফ্ল্যাট প্রয়োজন তার তথ্য প্রেরণ করার জন্য বলা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা প্রকৌশলীসহ বিভিন্ন জনপ্রতিনিধীগণ জানান যে, উপজেলা পরিষদের ভূমিসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে আবাসিক ভবনসমূহ যদি উর্দ্ধমূখি সম্প্রসারণ বেশি করা যায় তবে ভূমির অপচয় রোধ করা সম্ভব। সেলক্ষ্যে ০৮ তলা বিশিষ্ট কর্মকর্তাদের জন্য গেজেটেড কোয়ার্টার(ভবন)-০১টি এবং কর্মচারিদের জন্য ননগেজেটেড কোয়ার্টার(ভবন)-০১টি মোট দুইটি ভবন নির্মান করার জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(ক) ০৮ তলা বিশিষ্ট কর্মকর্তাদের জন্য গেজেটেড কোয়ার্টার (ভবন)-০১টি এবং কর্মচারিদের জন্য ননগেজেটেড কোয়ার্টার (ভবন)-০১টি মোট দুইটি ভবন নির্মান প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী
	(খ) উপজেলা পরিষদের মালিকানধীন ০৩(তিন)টি রেন্ট্রি গাছ কর্তনঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে পূর্বদিকের প্রাচির সংলগ্ন ০২টি রেন্ট্রি গাছ ঝড়ে হেলে গিয়ে প্রাচিরে ফাটল ধরিয়ে পার্শ্ববর্তী রাস্তার দিকে ঝুকে আছে এবং প্রশাসক, উপজেলা পরিষদের বাসভবনের প্রাচির সংলগ্ন ০১টি রেন্ট্রি গাছ ঝড়ে হেলে গিয়ে বাসভবনের প্রাচির ভেঙ্গে পার্শ্ববর্তী বসবাসরত জনসাধারণের বাড়ির উপর ঝুকে আছে, যা যেকোন সময় ভেঙ্গে পড়ে জনজীবনের ক্ষতি সাধন হতে পারে। বর্ণিত গাছ কর্তণের জন্য উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক গাছসমূহ নিলামে বিক্রয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উপ-২ শাখা এর ১৫-০৮-২০০৭খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে নির্দেশনা মোতাবেক কমিটি কর্তৃক মূল্য নির্ধারণপূর্বক সুপারিশসহকারে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপস্থাপিত প্রাক্কলন গোপন রেখে অনুমোদন করা হয় এবং জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(খ) স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(খ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ওউপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী
	(গ) সেচ অনুমোদন সংক্রান্তঃ উপজেলা সেচ কমিটির গত ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখের সভায় অনুমোদন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসহ অযোগ্য বিভিন্ন তালিকা পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর নলকূপ-৬৬টি, অনুমোদন যোগ্য গভীর-০৫টি, নবায়ন যোগ্য-৩৫টি স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	(গ)উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়া হয়।	(গ) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ

মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে। কার্যপত্র প্রদান না করায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৭৫ টি দল/সমিতিতে ২১৮৪ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪১.০০ লক্ষ টাকা। চলতি আর্থিক বছরে ৭৭০ জন সদস্যর মধ্যে ৫৩০.০০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪৭০.১৮ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ১৩০ জন সদস্যকে ৪৪.৮০ লক্ষ টাকা ৮% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে মোট ১৯ জন কে যুব ঋণ হিসাবে ১১৯০০০০/- টাকা প্রদান করা হয়েছে। ২০৪-২৫ অর্থ বছরে মোট ৪৫ জনকে যুব ঋণ হিসা ২৭,৫০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। সার্বিক আদায় হার ৯৩%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৭১টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রেীয় সমিতি ২টি ও ৫২ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের গভীর নলকূপের জন্য গণ আবেদনের ভিত্তিতে বাড়িতে বাড়িতে গিয়ে যাচাই বাছাই এর কাজ চলমান আছে। পাশাপাশি ২০২৩-২৪ অর্থ বছরের নলকূপের প্লাটফম নির্মাণের কাজও চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ৩৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	**ব্যাংক এশিয়া সংক্রান্তঃ** উপজেলা পর্যায়ে বিভিন্ন ধরণের ভাতাভোগীদের সেবা প্রদানের ক্ষেত্রে ব্যাংক এশিয়া জনসাধারণকে নানাবিধভাবে ভোগান্তি প্রদান করছে, এছাড়া তাদের সেবার মানও খুবই খারাপ মর্মে সভায় উপস্থিত সকল জনপ্রতিনিধীবৃন্দ উপস্থাপন করেন। এ বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা ঐক্যমত পোষণপূর্বক জানান যে পূর্বে অনেকবার জেলা পর্যায়ে এমনকি বিভাগীয় পর্যায়েও বিভিন্ন সভা/কর্মসূচিতে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। কিন্তু কোনরুপ ফলাফল পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে	অত্র উপজেলাতে ভাতা বিতরণ কার্যক্রম হতে ব্যাংক এশিয়াকে বাদ দেওয়ার সুপারিশ প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,বাঘারপাড়া ২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা

	সর্বসম্মতিক্রমে অত্র উপজেলাতে ভাতা বিতরণ কার্যক্রম হতে ব্যাংক এশিয়াকে বাদ দেওয়ার সুপারিশ প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।		

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০১/২৫

শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-৭৫ **তারিখঃ ২৬- ০১-২০২৫ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,..ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি।

২৮/০১/২৫

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

পরিশিষ্ঠ-খ

উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

জানুয়ারি-২০২৫

যে মাসে ব্যয় করা হয়েছে- ডিসেম্বর-২০২৪

ক্রমিক	বিবরণ	বিলের পরিমান	চেকনং ও তারিখ
১.	মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে অক্টোবর -২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৩৭৫০/-	চেক নং ৫৩৪৩০৪৩ তাং ০১.১২.২০২৪
২.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে অক্টোবর-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান	=১৩৭৫০/-	চেক নং ৫৩৪৩০৪৪ তাং ০১.১২.২০২৪
৩.	মোঃ মুর্শিদ হোসেন, প্রোপাইটার, আবু সালমান স্যানেটারিকে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন ওয়াশরুমের মালামাল পরিবর্তন কাজের বিল প্রদান	=১৪১৬৬/-	চেক নং ৫৩৪৩০৪৫ তাং ১০.১২.২০২৪
৪.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, পরিষদের প্রধান ফটক ও দক্ষিণগেট মেরামত কাজের বিল প্রদান	=২০৮১৬/-	চেক নং ৫৩৪৩০৪৬ তাং ১০.১২.২০২৪
৫.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ০২(দুই)টি মেরামত/সংস্কার বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৬১৭৪/-	চেক নং ৫৩৪৩০৪৭ তাং ১০.১২.২০২৪
৬.	মোঃ মুর্শিদ হোসেন, প্রোপাইটার, আবু সালমান স্যানেটারিকে পুকুরের মটর ক্রয় ও মালামাল পরিবর্তন কাজের বিল প্রদান	=১৬৬২৬/-	চেক নং ৫৩৪৩০৪৮ তাং ১০.১২.২০২৪
৭.	জনাব জাকির হোসন, নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদের বড় পানির পাম্প গ্যালন প্যাকিং, গ্রিস ও অন্যান্য মালামাল ক্রয় কাজের বিল প্রদান	=৪৩৩৯/-	চেক নং ৫৩৪৩০৪৯ তাং ১০.১২.২০২৪
৮.	নিউ সাকিব ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপকে জামে মসজিদ ও পুকুরের মটরের নিচে ঢালাই দেওয়া ও খাচা তৈরিকরণ কাজের বিল প্রদান	=১২৯৫৪/-	চেক নং ৫৩৪৩০৫০ তাং ১০.১২.২০২৪
৯.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী ০৩(দুই)টি মেরামত/সংস্কার বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৫৯৮৬/-	চেক নং ৫৩৪৩০৫১ তাং ১০.১২.২০২৪
১০.	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে বিজয় দিবসে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে আপ্যায়ন বিল প্রদান	=৩৬০০০/-	চেক নং ৫৩৪৩০৫২ তাং ১৮.১২.২০২৪
১১.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৪০০০/-	চেক নং ৫৩৪৩০৫৩ তাং ১৮.১২.২০২৪
১২.	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের নভেম্বর-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান	=৫৮৪২/-	চেক নং ৫৩৪৩০৫৪ তাং ২৪.১২.২০২৪
১৩.	জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে প্রশাসকের বাসভবনের টয়লেটের পানির লাইন মেরামত বিল প্রদান	=১৯১৫৫/-	চেক নং ৫৩৪৩০৫৫ তাং ২৪.১২.২০২৪
১৪.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী মেরামত বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=২১৪৫/-	চেক নং ৫৩৪৩০৫৬ তাং ২৪.১২.২০২৪
১৫.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভাকে ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের অফিস, বাসা-বাড়ি ও দোকানের পৌরকর প্রদান	=৩৮৯৪৯৬/-	চেক নং ৫৩৪৩০৫৭ তাং ২৮.১২.২০২৪
১৬.	জনাব কৃষ্ণপদ অধিকারী, প্রোপাইটার, বাঘারপাড়া ক্যাবল নেটওয়্যাককে অক্টোবর হতে ডিসেম্বর-২০২৪ মাসের ইন্টারনেট বিল প্রদান	=৭৫০০/-	চেক নং ৫৩৪৩০৫৮ তাং ২৮.১২.২০২৪
১৭.	জনাব পঙ্কজ মন্ডল, প্রোপাইটার, দুবাই প্রসাধনীকে অক্টোবর হতে ডিসেম্বর-২০২৪ মাসের আনুষাঙ্গিক ব্যায়ের বিল প্রদান	=১৩১২৫/-	চেক নং ৫৩৪৩০৫৯ তাং ২৮.১২.২০২৪
১৮.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আনুষাঙ্গিক বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=১৮৭৫/-	চেক নং ৫৩৪৩০৬০ তাং ২৮.১২.২০২৪
১৯	কিংকর বিশ্বাস, হিসাব সহকারী, ইউএনও অফিস কে ডিসেম্বর-২০২৪ মাসের আপ্যায়ন বিল প্রদান	=২৭০০০/-	চেক নং ৫৩৪৩০৬১ তাং ২৮.১২.২০২৪
২০.	ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান	=৩০০০/-	চেক নং ৫৩৪৩০৬২ তাং ২৮.১২.২০২৪

শোভন সরকার 26/01/25
প্রশাসক
উপজেলা পরিষদ